৯

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন

২৯ জানুয়ারি ২০২৬
১৫ মাঘ ১৪৩২
www.bd-pratidin.com

## মার্কেন্টাইল ব্যাংক পিএলসি
## চৌমুহনী শাখা, নোয়াখালী।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, চৌমুহনী শাখা, নোয়াখালী-এর খেলাপী ঋণ গ্রহীতা, মেসার্স এস.এস.বি ক্যাবল ইন্ডাস্ট্রিজ, স্বত্বাধিকারী : ইসতিয়াক আলম, পিতা-মৃত এ.কে.এম সিরাজ উদ্দিন, মাতা-নুর জাহান বেগম এবং বর্তমান ও স্থায়ী ঠিকানা বাড়ির নাম-ইউসুফ চেয়ারম্যানের বাড়ী, সাং-নরোত্তমপুর, পোঃ অফিস-পন্ডিত বাজার- ৩৮২১, থানা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী-ব্যবসায়ীক ঠিকানাঃ ডি.বি রোড, চৌমুহনী, ডাকঘর-চৌমুহনী, থানা/উপজেলা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী এর নিকট ২০/০১/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা <u>৪,৩১,৪৮,৩৩৬.৩৯ (চার কোটি একত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার তিনশত ছত্রিশ টাকা তিন নয় পয়সা)</u> মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে ইসতিয়াক আলম -(৪৬) পিতা- মৃত এ.কে.এম সিরাজ উদ্দিন,মাতা- নুর জাহান বেগম কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্নিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

<u>নিলামের শর্তাবলীঃ</u>

১. আগ্রহী দরদাতাগণকে তাঁর বা তাঁদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৬.০২.২০২৬ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, চৌমুহনী শাখা, নোয়াখালী-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরিউক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

<u>বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ</u>

১। জেলা-নোয়াখালী, উপজেলা/থানা-বেগমগঞ্জ, সাব-রেজিস্ট্রি অফিস বেগমগঞ্জ এর অধীন বেগমগঞ্জ ইউনিয়ন ভুমি অফিসের আওতাভুক্ত সাবেক সিএসজরিপী ও হাল বিএসজরিপী-১৭০ নং মিরওয়ারিশপুর মৌজার জেলা জরিপী (সি.এস) ৪৩৫ নং খতিয়ানভুক্ত এস.এ জরিপী এম.আর.আর ৪১২ নং খতিয়ানভুক্ত তৎঅধীন সাবেক জমাখারিজ -৮৮২ নং খতিয়ানভুক্ত তৎঅধীন পরবর্তী জমা খারিজ-৯৬৫ ও ১১৬১ নং খতিয়ানভুক্ত তৎঅধীন পরবর্তী জমা খারিজ- ১৩৪১ নং খতিয়ানভুক্ত তৎঅধীন জমাখারিজ নথী নং- ৪১২১/২০১৭-১৮ মূলে বিগত ১০/০৬/২০১৮ ইং তারিখে আদেশে সৃজিত বর্তমান জমা খারিজ ২৫৮৯ নং খতিয়ানভুক্ত সি.এস ৩৮৪৩ দাগে ১ আনা ১.০৭ একর আন্দরে ১৩ শতক তদান্দরে ০.২৩৪ (শূন্য দশমিক দুই তিন চার) শতক ভুমি ও তৎ উপরিস্থ আবাসিক ভবনের ৪র্থ ফ্লোরে অবস্থিত সি-ব্লকের ১২৯৪ বর্গফুট ও নিচ তলার গাড়ি পার্কিং ৯১.৫ বর্গফুট মোট ১৩৮৫.৫ বর্গফুট সমান ১২৮.৭১ বর্গমিটার আয়তনের ফ্ল্যাট বাড়ি প্রস্তাবিত বন্ধকী সম্পত্তি হয় তাহা বর্তমান জোনাল জরিপী বি.এস/ডি.পি -২০০৮ নং খতিয়ানভুক্ত সাবেক সি.এস ৩৮৪৩ দাগ হাল বি.এস ৬০৬৮ দাগের ভুমি হয়।

২। জেলা-নোয়াখালী, উপজেলা/থানা-বেগমগঞ্জ, সাব-রেজিস্ট্রি অফিস বেগমগঞ্জ এর অধীন বেগমগঞ্জ ইউনিয়ন ভুমি অফিসের আওতাভুক্ত সাবেক সিএস জরিপী ও হাল বিএস জরিপী-২৪১ নং নরোত্তমপুর মৌজার জেলা জরিপী (সি.এস) ৬০৬ নং খতিয়ানভুক্ত এস.এ জরিপী এম.আর.আর ৫৭৭ নং খতিয়ানভুক্ত তৎঅধীন জমা খারিজ নথী নং- ১৩১০/২০১৬-১৭ মূলে বিগত ২৪/১০/২০১৬ ইং তারিখে আদেশে সৃজিত বর্তমান জমা খারিজ ৩৫৩৩ নং খতিয়ানভুক্ত সি.এস ৩২৬৪ দাগে রকম নাল ১ আনা ১.৩২ একর আন্দরে ৬৮ শতক ভুমি এবং তদস্থিত বর্তমান ও ভবিষ্যত নির্মিতব্য সকল স্থাপনাদি তাহা বর্তমান জোনাল জরিপী বি.এস/ডি.পি-১৯১০ নং খতিয়ানভুক্ত সাবেক সি.এস ৩২৬৪ দাগ হাল বি.এস ১০২০৯ দাগে রকম নাল ১ আনা ৬০ শতক ও সাবেক সি.এস ৩২৬৪, ৩২৬৩,৩২৬৫ দাগ হাল বি.এস ১০২০৭ দাগে রকম নাল ১ আনা ১৩২ শতক ভুমির ০.৯৯ অযুতাংশে ১৩ শতক মোট ৭৩ শতক আন্দরে ৬৮ (আটষট্টি) শতক ভুমি প্রস্তাবিত বন্ধকী ভুমি হয়।

উপরিউক্ত ২টি তফসিলে মোট জমির পরিমাণ নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানা ও উপজেলাধীন মিরওয়ারিশপুর মৌজার ১৩৮৫.৫ বর্গফুট সমান ১২৮.৭১ বর্গমিটার আয়তনের ফ্ল্যাট একুনে মোট মৌয়াজি (০.২৩৪+৬৮.০০) = ৬৮.২৩৪ (আটষট্টি দশমিক দুই তিন চার) শতকভুমি এবং তদস্থিত বর্তমান ও ভবিষ্যত নির্মিতব্য সকলস্থাপনাদি।

পক্ষেঃ ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, চৌমুহনী শাখা, নোয়াখালী।ফোন ঃ ০৩২১-৫২৯৬০,০১৭৭৭৭৫২৫০৬.

Scanned with CamScanner